পাসপোর্টের সূচকে পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ

শক্তিশালী পাসপোর্টের সূচকে পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ। বর্তমানে বাংলাদেশের অবস্থান ১০৩তম। যৌথভাবে একই অবস্থানে আছে লিবিয়া ও কসোভো। গত বছরের অক্টোবরে পাসপোর্টের সর্বশেষ সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ১০৮তম।

বাংলাদেশের পাসপোর্টধারীরা এখন থেকে আগাম ভিসা ছাড়া ৪০টি দেশে ভ্রমণ করতে পারেন। যুদ্ধবিধ্বস্ত দেশ আফগানিস্তান রয়েছে তালিকায় সবার নিচে। দেশটির নাগরিকরা ২৬টি দেশে ভিসা ছাড়া চলাচল করতে পারবেন।

যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান দ্য হেনলি অ্যান্ড পার্টনার্স পাসপোর্টের নতুন সূচক প্রকাশ করেছে। কোন দেশের পাসপোর্ট দিয়ে কতটি দেশে ভিসামুক্ত ভ্রমণ করা যায় তার ওপর ভিত্তি করেই সূচকটি তৈরি করা হয়েছে।

সূচকে তালিকার প্রথম সারিতে রয়েছে জাপান, সিঙ্গাপুর, জার্মানি, দক্ষিণ কোরিয়া, ফিনল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, স্পেন, অস্ট্রিয়া,ডেনমার্ক, ফ্রান্স, নেদারল্যান্ডস, সুইডেনের মতো দেশগুলো।

জাপান এবং সিঙ্গাপুর যৌথভাবে প্রথম স্থানে রয়েছে। দেশ দুটির নাগরিকরা আগাম ভিসা ছাড়াই ১৯২টি দেশে ভ্রমণ করতে পারবেন। এরপর যৌথভাবে দ্বিতীয় অবস্থানে রয়েছে জার্মানি ও দক্ষিণ কোরিয়া। এই দুই দেশের নাগরিকরা আগাম ভিসা ছাড়া ১৯০টি দেশে যেতে পারবেন।

তালিকায় ভারত ৮৩, নেপাল ১০৫, পাকিস্তান ১০৮, সিরিয়া ১০৯ এবং ইরাক ১১০তম। অর্থাৎ পাসপোর্ট সূচকে ভারতে চেয়ে পিছিয়ে আছে বাংলাদেশ। তবে নেপাল এবং পাকিস্তানের চেয়ে এগিয়ে আছে।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট হচ্ছে মালদ্বীপের। সূচকের ৫৮তম অবস্থানে থাকা দেশটির পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়াই ৮৮টি দেশে ভ্রমণ করতে পারবেন। ১৭ বছর ধরে এই সূচক প্রকাশ করে আসছে দ্য হেনলি অ্যান্ড পার্টনারস। তিন মাস পর পর এ সূচক প্রকাশ করা হয়।

ভারতে স্বর্ণমন্দিরে গণপিটুনিতে যুবক নিহত

ভারতের পাঞ্জাবে অমৃতসরের স্বর্ণমন্দিরে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করেছে উত্তেজিত জনতা। এ ঘটনার নিন্দা জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী চরণজিৎ সিংহ চন্নী।

প্রত্যক্ষদর্শীদের দাবি— শনিবার সন্ধ্যায় প্রার্থনা চলাকালীন আচমকাই এক ব্যক্তি দেয়াল টপকে শিখ সম্প্রদায়ের পবিত্র ধর্মগ্রন্থ ‘গ্রন্থ সাহেব’-এর সামনে রাখা তলোয়ার ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন।

সেই সময় কাছাকাছি থাকা ব্যক্তিরা তাকে ধরে বের করে দেন। বাইরে উত্তেজিত জনতা তাকে গণপিটুনি দেয়। তাতেই ওই ব্যক্তির মৃত্যু হয় বলে পুলিশ জানায়।

সেই সময় বিভিন্ন টেলিভিশন সম্প্রচারেও দেখা গেছে, এক ব্যক্তিকে ধরে বের করে দেওয়া হচ্ছে। ঘটনার পরই মন্দিরের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা শুরু হয়।

ওই ব্যক্তি কীভাবে দেয়াল টপকে ঢুকে পড়লেন, সঙ্গে আরও কেউ ছিল কিনা, জানতে শুরু হয় চিরুনি অভিযান।

অমৃতসর পুলিশের ডেপুটি কমিশনার পরমিন্দর সিংহ ভিন্দাল বলেন, মাথায় হলুদ কাপড় জড়ানো এক ২০-২৫ বছরের যুবক দেয়াল টপকে ঢুকে পড়েন। ভেতরে থাকা লোকেরা তাকে ধরে বের করে দেন।

বাইরে লোকজনের সঙ্গে উত্তপ্ত বাক্যবিনিময়ের পর ধস্তাধস্তিতে ওই যুবকের মৃত্যু হয়। ওই যুবক একাই মন্দিরে এসেছিলেন বলে আমরা জানতে পেরেছি। কেন তিনি এই কাজ করলেন তা খতিয়ে দেখা হচ্ছে।

ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বিবৃতি ও তদন্তের নির্দেশ দিয়েছেন পাঞ্জাবের মুখ্যমন্ত্রী চরণজিৎ সিংহ চন্নী।

প্রসঙ্গত ৩৭ বছর আগে ১৯৮৪ সালের ১ থেকে ১০ জুন পর্যন্ত ‘অপারেশন

ব্লু স্টার’ চালানো হয়েছিল এই স্বর্ণমন্দিরেই। তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর নির্দেশে স্বর্ণমন্দির চত্বরে আশ্রয় নেওয়া খালিস্তানি আন্দোলনের প্রধান মাথা জার্নেল সিংহ ভিন্দ্রানওয়ালে এবং তার একাধিক সহযোগীকে ধরতে সেখানে অভিযান চালায় ভারতীয় সেনা।

ইসরাইলি পাসপোর্টধারী ফিলিস্তিনি নারীকে বিয়ে করায় লেবানিজের জেল

লেবাননে ইসরাইলি পাসপোর্টধারী ফিলিস্তিনি এক নারীকে বিয়ে করায় দেশটির এক নাগরিককে কারাদণ্ড দেওয়া হয়েছে।বৈরুতের একটি সামরিক আদালত গত শুক্রবার মো. ইউসুফ বেনাউত নামে লেবাননের ওই যুবককে এক বছরের কারাদণ্ডের পাশাপাশি ৫ লাখ লেবানিস পাউন্ড (৩৩০ ব্রিটিশ পাউন্ড) জরিমানা করা হয়।খবর আরব নিউজের।

ফিলিস্তিন ওই নারী ইসরাইলি পাসপোর্টে জার্মানিতে বসবাস করছেন। ইহুদিবাদী দেশ ইসরাইলের এক-পঞ্চমাংশ নাগরিক ফিলিস্তিনি। অধিকৃত পশ্চিমতীর ও জেরুজালেমের ফিলিস্তিনি জনগণও ইসরাইলি পাসপোর্টে বিদেশ ভ্রমণ করতে হয়।

এদিকে ১৯৫৫ সাল থেকে লেবাননে ইসরাইলকে বয়কটের আইন চালু করা হয়। এ আইনের আওতায় ইসরাইলিদের সঙ্গে কোনো ধরনের সম্পর্ক স্থাপন দণ্ডনীয় অপরাধ।

১৯৪৮ সালে ইসরাইল নামে অবৈধ ইহুদিবাদী রাষ্ট্রটির জন্ম হওয়ার পর থেকে দেশটির সঙ্গে লেবাননের যুদ্ধাবস্থা বিরাজ করছে।

১৯৪৯ সালে প্রতিবেশী দেশ দুটির মধ্যে যুদ্ধবিরতি চুক্তি হলেও মাঝেমধ্যেই সংঘর্ষে জড়িয়ে পড়ার ঘটনাও ঘটছে।

ইসরাইল-আমিরাত বৈঠকে ইরান নিয়ে আলোচনা

সম্পর্ক স্বাভাবিকের পর প্রথমবার সংযুক্ত আরব আমিরাত সফরে এসেছেন ইসরাইলি প্রধানমন্ত্রী নাফতালি বেনেট। সোমবার উপসাগরীয় এই দেশটির যুবরাজ মোহাম্মদ বিন জায়েদ আল-নাহিয়ানের সঙ্গে বৈঠক করেছেন তিনি।

আবুধাবিতে নিযুক্ত ইসরাইলের রাষ্ট্রদূত আমির হায়েক জানিয়েছেন, এ বৈঠকে ইরান ইস্যু স্থান পেয়েছে। খবর রয়টার্সের।

যুক্তরাষ্ট্রসহ ৬ বিশ্বশক্তি ইরান পরমাণু চুক্তি বাঁচানোর চেষ্টায় আলোচনা চালানোর এই সময়ে ইসরাইলের প্রধানমন্ত্রী আমিরাত সফর করছেন। ভিয়েনায় ইরানের পরমাণু চুক্তি নিয়ে আলোচনার বিরুদ্ধে ইসরাইল সম্প্রতি তাদের কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করছে।

ইসরাইলি রাষ্ট্রদূত আমির হায়েক ইরান নিয়ে দুই নেতার আলোচনার বিস্তারিত প্রকাশ করতে অস্বীকৃতি জানিয়েছেন। তবে ইসরাইলের সেনা বেতারে তিনি বলেন, প্রধানমন্ত্রী (নাফতালি বেনেট) কেবল ইরান নিয়ে কথা বলতে আবুধাবিতে আসেননি।

যুক্তরাষ্ট্রের উদ্যোগে গত বছর সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, সুদান এবং মরক্কো ইসরাইলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করেছে। এই চার দেশের প্রথম কোনো প্রধানমন্ত্রী হিসাবে রোববার আমিরাত সফরে যান বেনেট।

দুই দেশের কূটনৈতিক পদক্ষেপের পথে হাঁটার অন্যতম কারণ হচ্ছে, ইরানের কর্মকাণ্ড নিয়ে উদ্বেগ। তবে সংযুক্ত আরব আমিরাত ইরানের সঙ্গে সম্পর্ক উন্নয়নের চেষ্টাও চালাচ্ছে। এদিকে ইসরাইলকে আবারও মুসলিম বিশ্বের এক নম্বর শত্রু হিসেবে ঘোষণা করেছে ইরান।

ইসরাইলের প্রধানমন্ত্রী নাফতালি বেনেত সংযুক্ত আরব আমিরাত সফরে আসার পর এক প্রতিক্রিয়ায় ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র সাঈদ খাতিবজাদেহ এ ঘোষণা দিয়েছেন। ইহুদিবাদী ইসরাইলের

প্রধানমন্ত্রী নাফতালি বেনেট রোববার রাতে সংযুক্ত আরব আমিরাত সফর করেছেন।

বেনেটের আরব আমিরাত সফরের প্রতিবাদ জানিয়েছে ফিলিস্তিনের ইসলামি জিহাদ আন্দোলন। এ সফরকে ফিলিস্তিনি জাতির প্রতি আমিরাতের বিশ্বাসঘাতকতা বলে উল্লেখ করেছে সংগঠনটি।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেছেন, ইসরাইল মুসলিম বিশ্বের প্রধান শত্রু ছিল, আছে এবং থাকবে।

টেক্সাসে বন্দুক হামলায় নিহত ১, আহত ১৩

যুক্তরাষ্ট্রের টেক্সাসে বন্দুক হামলায় একজন নিহত এবং অন্তত ১৩ জন আহত হয়েছেন।

এর মধ্যে একাধিক ব্যক্তির অবস্থা সংকটাপন্ন। রোববার রাতে ওই গুলিবর্ষণের ঘটনা ঘটে। শহরের ওই স্থানটিতে প্রচুর বার ও রেস্তোরাঁ রয়েছে। হামলাকারী একটি গাড়ির মধ্য থেকে গুলি করতে থাকে। খবর আরব নিউজের।

পুলিশ জানায়, খবর পেয়ে তাৎক্ষনিকভাবে গুলিবিদ্ধ একজনকে শঙ্কটাপন্ন অবস্থায় হেলিকপ্টারে করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

রোববার সন্ধ্যা ৬টা ৪০ মিনিটে বেটাউনে একটি মার্কেটে অর্ধশতাধিক লোক একটি পার্টিতে অংশ নেন।

এ সময় হঠাৎ করে গাড়িতে চড়া অবস্থায় এক বব্দুকধারী এলোপাতাড়ি গুলিবর্ষণ শুরু করে। এতে ওই হতাহতের ঘটনা ঘটে।

পুলিশের ধারণা, স্থানীয় গ্যাংদের মধ্যে কোন্দলে ওই গুলিবর্ষণের ঘটনা ঘটে। হামলাকারীকে ধরতে পারেনি পুলিশ।

ইরানের অর্ধেকেরও বেশি যাত্রীবাহী বিমান অকেজো

যন্ত্রাংশের অভাবে ইরানের অর্ধেকেরও বেশি যাত্রীবাহী বিমান অকেজো হয়ে পড়ে আছে।দেশটির বিমান সংস্থাগুলোর অ্যাসোসিয়েশনের উপপ্রধান আলী রেজা বারখোর সম্প্রতি এ তথ্য জানিয়েছেন। খবর আরব নিউজের।

তিনি বলেন, বর্তমানে কেবলমাত্র খুচরা যন্ত্রাংশের অভাবে ১৭০টিরও বেশি যাত্রীবাহী বিমান অকেজো হয়ে পড়ে আছে। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম ইরনাকে দেওয়া এক সাক্ষাৎকারে আলী রেজা বারখোর এ কথা জানান।

ইরানের রাষ্ট্রীয় বিমান সংস্থা এয়ার ইরানের মাত্র ৩৯টি বিমান বর্তমানে যাত্রীসেবা দিচ্ছে। ২০১৬ সালে ইরান ১০০টি এয়ারবাস, ৮০টি বোয়িং এবং ৪০টি এটিআর যাত্রীবাহী বিমান কেনা চেষ্টা করলেও ২০১৮ সালে যুক্তরাষ্ট্র দেশটির ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করলে পরে তা আর কেনা সম্ভব হয়নি।

ইরানের সরকারি বিমান সংস্থা ইরান এয়ার তার পুরাতন হয়ে যাওয়া বহর নবায়নের জন্য নতুন বিমান কিনতে চেয়ে ছিল।

দেশটির অধিকাংশ আধুনিক বিমানের দশ শতাংশের বেশি যন্ত্রাংশ যুক্তরাষ্ট্রের তৈরি এবং সেই সূত্রে ইরানের কাছে বিমান বিক্রির জন্য প্রয়োজন মার্কিন অনুমোদনের।

যুক্তরাষ্ট্র সে অনুমোদন রদ করে দিয়েছে। এমন অবস্থায় রাশিয়ার কাছ থেকে যাত্রীবাহী বিমান কিনতে পারে ইরান। কিন্তু রাশিয়ার তৈরি যাত্রীবাহী বিমানেও ১০ শতাংশের বেশি মার্কিন যন্ত্রাংশ রয়েছে।

ইরানের কাছে শখানেক যাত্রীবাহী বিমান বিক্রির সম্ভাবনার কথা মাথায় রেখে রাশিয়া তাদের যাত্রীবাহী বিমানে ব্যবহৃত যুক্তরাষ্ট্রের যন্ত্রাংশের পরিমাণ দশ শতাংশের নিচে নামিয়ে আনার কথা ভাবছে।

মৃত্যুর আগে বাঁচিয়ে গেলেন ৩০ প্রাণ

কোনো যানবাহনে উঠার পর যাত্রীরা সাধারণত নিশ্চিন্তে থাকেন। কেউ ঘুমিয়ে পড়েন, কেউ আবার পাশের জনের সঙ্গে গল্পে মেতে উঠেন কিংবা নিজের স্মার্টফোন নিয়ে সময় কাটানো শুরু করে দেন।

কিন্তু যে মানুষটি সব যাত্রীদের নিরাপদে গন্তব্যে পৌঁছে দেন, সেই চালকের এতো কিছু করার উপায় নেই। তার মনোযোগ যাত্রা পথেই থাকে। চালকের একটু ভুলে যেমন যাত্রীদের জীবন ঝুঁকিতে পড়ে, তেমনি চালকের দক্ষতায় যাত্রীদের প্রাণে বেঁচে যাওয়ার নজিরও নেহায়েত কম নয়। ঠিক তেমনই নজির স্থাপন করলেন এই বাসচালক। নিজের মৃত্যুর আগে বাঁচিয়ে গেলেন ৩০ যাত্রীর প্রাণ।

ভারতীয় গণমাধ্যম ইন্ডিয়া ডটকম এক প্রতিবেদনে জানিয়েছে, বৃহস্পতিবার ভারতের তামিলনাড়ু স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের (টিএনএসটিসি) এক বাসচালকের গাড়ি চালানোর সময় হার্ট অ্যাটাক হয়।

এম আরুমুগাম (৪৪) নামের ওই বাসচালক স্থানীয় সময় বৃহস্পতিবার ভোর ৬টা ২০ মিনিটে আরাপ্পালায়ম থেকে ৩০ জন যাত্রী নিয়ে কোডাইকানালের দিকে যাত্রা শুরু করেন।

যাত্রা শুরুর মাত্র পাঁচ মিনিট পর হঠাৎ বাসচালকের বুকে ব্যথা শুরু হলে তিনি তার সহকারীকে জানান। এ সময় ব্যথা নিয়ে গাড়িটিকে দাঁড় করান তিনি। এর পরই তিনি ঢলে পড়ে যান।

এদিকে, তার সহকারী সঙ্গে সঙ্গে অ্যাম্বুলেন্স ডাকেন। কিন্তু অ্যাম্বুলেন্স আসার আগেই তার মৃত্যু হয়।

এ ব্যাপারে টিএনএসটিসি উপ বাণিজ্যিক পরিচালক যুবরাজ বার্তা সংস্থা আইএএনএসকে জানান, টিএনএসটিসিতে আরুমুগামের ১২ বছর ধরে বাস চালাচ্ছে। এভাবে মৃত্যুর আগে রাস্তায় পাশে গাড়ি দাঁড় করিয়ে ৩০ যাত্রীর প্রাণ বাঁচানোর অনুকরণীয় দৃষ্টান্তের কথা সব সময় স্মরণ করা হবে।

আমরা জানি কোথায় যাচ্ছি, আপনারা ধৈর্য ধরুন

আমরা জানি আমরা কোথায় যাচ্ছি। তাই বলছি, আপনারা একটু ধৈর্য্য ধরুন।আঙ্কারায় মন্ত্রিসভার বৈঠক শেষে বুধবার তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যিপ এরদোগান এসব কথা বলেন। খবর ডেইলি সাবাহর।

তুরস্কের সরকার কম সুদহারভিত্তিক নতুন অর্থনৈতিক মডেলে এগিয়ে যাওয়ার পরিকল্পনা হাতে নিয়েছে। সরকারের নতুন এ মডেলে ব্যাপক উন্নয়ন আশা করছে দেশটির ক্ষমতাসীন দল।

যারা তাদের সঞ্চয় ব্যাংকে রাখেন তারাসহ সব নাগরিককে সরকারের পরিকল্পনা ও বিনিয়োগের ওপর আস্থা রাখার জন্য অনুরোধ জানান জাস্টিস অ্যান্ড ডেভলপমেন্ট পার্টির নেতা এরদোগান।তুর্কি প্রেসিডেন্ট বলেন, আমরা জানি আমরা কোথায় যাচ্ছি। তাই বলছি, আপনারা একটু ধৈর্য্য ধরুন।

সাম্প্রতিক সময়ে ডলারের বিপরীতে তুরস্কের লিরার দাম কমে যাওয়ায় দেশটিতে খাদ্যপণ্যের মূল্য বেড়েছে। এ মূল্যবৃদ্ধির কারণে ভোগান্তিতে পড়েছেন দেশটির মানুষ।

এ বিষয়ে পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছেন এরদোগান।

তিনি বলেন, যারা পণ্য মুজদের সঙ্গে জড়িত এবং পণ্যের দাম বৃদ্ধিকে পুঁজি করে বাড়তি সুবিধা নেওয়ার চেষ্টা করবে তাদের বিরুদ্ধে সরকার ‘কোনো দয়া দেখাবে না’।

সিরিয়ার বন্দরে ইসরাইলের বিরল বিমান হামলা

সিরিয়ার লাতাকিয়া বন্দরে বিমান হামলা চালিয়েছে ইহুদিবাদী ইসরাইল। ওই বন্দর এলাকায় ইসরাইলের এমন হামলা এটিই প্রথম বলে জানিয়েছেন স্থানীয় এক কর্মকর্তা। সিরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে আল জাজিরা জানিয়েছে, এই হামলায় গুদাম এলাকার কিছু কন্টেইনার ক্ষতিগ্রস্ত হয়েছে। যদিও ইসরাইলি সেনাবাহিনী এই হামলার ব্যাপারে কোনো মন্তব্য করেনি।

সামরিক এক কর্মকর্তার বরাত দিয়ে সিরিয়ার রাষ্ট্রীয় সংবাদ সংস্থা সানা বলেছে, স্থানীয় সময় সোমবার রাত ১টা ২৩ মিনিটে ইসরাইলি বাহিনী কয়েকটি ক্ষেপণাস্ত্র হামলা চালায়। বন্দরের কন্টেইনার স্টোরেজ এলাকা লক্ষ্য করে চালানো এ হামলায় কয়েকটি কন্টেইনারে আগুন ধরে যায়।

সানা সংবাদ সংস্থায় প্রকাশিত ছবিতে কন্টেইনার এলাকায় আগুন এবং ধোঁয়া দেখা গেছে। ঘটনাস্থলে দেখা গেছে একটি অগ্নিনির্বাপণ ট্রাকও।

সিরিয়ার রাষ্ট্রীয় টিভির প্রতিবেদনে বন্দর এলাকায় ৫টি বিস্ফোরণে গোটা নগরী প্রকম্পিত হওয়ার খবর জানানো হয়েছে।

লাতাকিয়া বন্দরে ইসরাইলের এমন হামলার ঘটনা বিরল। যুদ্ধবিধ্বস্ত সিরিয়ায় বিদেশ থেকে পণ্য আমদানির জন্য বন্দরটি খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে ইরান থেকে এ বন্দরে উল্লেখযোগ্য পরিমাণ পণ্যের চালান আসে।

জুম কলে ৯০০ কর্মী ছাঁটাই

করলেন বস (ভিডিও)

জুম কলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রতিষ্ঠানের ৯০০ কর্মীকে ডেকেছিলেন বেটার ডট কমের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) বিশাল গর্গ। সেখানে যেসব কর্মী ওই জুম কলে অংশ নিয়েছেনতা দের সবাইকে একযোগে ছাঁটাই করার ঘোষণা দেন গর্গ। ওই জুম কলের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে বলে ভারতীয় গণমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে জানিয়েছে।

ভাইরাল ভিডিওতে বিশালকে বলতে শোনা গেছে, তাদের কোম্পানি একটি ক্রান্তিকাল অতিক্রম করছে। এই পরিস্থিতিতে কোম্পানিকে টিকিয়ে রাখতে হলে ১৫ শতাংশ কর্মীকে ছাঁটাই করতে হবে। তাই যে ৯০০ জন কর্মী এই জুমকলে অংশ নিয়েছেন তাদের সকলকে কাজ থেকে ছাঁটাই করা হচ্ছে। এই জুম কলের মধ্যে দিয়েই যে ছাঁটাইয়ের সিদ্ধান্ত কার্যকর হচ্ছে তাও জানিয়ে দেন বিশাল গর্গ।

কর্মীদের উদ্দেশে বিশাল গর্গ বলেন, ‘আমি আপনাদের কাছে খুব একটা ভাল খবর নিয়ে আসিনি। বাজার বদলে গেছে। আমাদের টিকে থাকার জন্য এর সঙ্গে এগিয়ে যেতে হবে। এটা এমন একটা খবর যা আপনারা শুনতে চান না।

কিন্তু শেষ পর্যন্ত, এটাই আমার সিদ্ধান্ত এবং আমি চেয়েছিলাম যে আপনারা তা আমার কাছ থেকেই শুনুন। এটা সত্যিই একটা চ্যালেঞ্জিং সিদ্ধান্ত। আমার কর্মজীবনে না চাইলেও আমি দ্বিতীয়বার এই কাজ করছি।

শেষবার যখন এটা করেছিলাম, আমি কেঁদে ফেলেছিলাম। এবার আশা করি শক্ত থাকতে পারব। যাইহোক মার্কেট এফিসিয়েন্সি, পারফরম্যান্স এবং উৎপাদনশীলতার ভিত্তিতে আমরা কোম্পানির প্রায় ১৫ শতাংশ ছাঁটাই করছি। যারা এই কলে আছেন, তারা সেই দুর্ভাগ্যজনক গোষ্ঠীর অংশ যাদের ছাঁটাই করা হচ্ছে। এখানে আপনাদের কর্মসংস্থান অবিলম্বে বন্ধ করা হল।

তবে গণহারে ছাঁটাই করলেও কর্মীদের একেবারে জলে ফেলে দেননি বিশাল গর্গ। তিনি জানিয়েছেন, যে কর্মীদের ছাঁটাই করা হল, তারা চার সপ্তাহের ছাঁটাই ক্ষতিপূরণ, এক মাস সম্পূর্ণ সুযোগ সুবিধা এবং দুই মাসের বিমার কভার পাবেন। যার প্রিমিয়াম কোম্পানিই দেবে বলে জানা গেছে।